



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৬৪০

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯

২৮ মার্চ ২০২৩

অফিস আদেশ

‘সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০১৮’-এর আলোকে সদ্য সরকারিকৃত সরকারি মীর ইসমাইল হেসেন কলেজ, রাজারহাট, কুড়িগ্রাম-এর অধ্যক্ষ আলহাজ্ব মোঃ সফিকুল ইসলাম অবসরজনিত কারণে ০৩-০১-২০২৩ তারিখে কলেজের দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের শিক্ষক জনাব এ.টি.এম সাজেদুর রহমান মন্ডল ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। অপরদিকে কলেজের দায়িত্ব অর্পনের বিষয়টি জ্যেষ্ঠতার ভিত্তিতে সম্পন্ন হয়নি বিধায় জটিলতা নিরসনে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর এর পরিচালক, জেলা প্রশাসক, কুড়িগ্রাম এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম আবেদন করেন। এ অবস্থায় কলেজের কর্মরত শিক্ষকদের বিধি মোতাবেক জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে নির্ধারিত ছক মোতাবেক প্রয়োজনীয় প্রামাণিক তথ্যাদি এবং শিক্ষক পরিষদের স্বাক্ষরসহ রেজুলেশন প্রেরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৪-০২-২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯. ০৫২.২০১৬-১২২ সংখ্যক স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম-কে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম কর্তৃক প্রেরিত তথ্য এবং অফিসে সংরক্ষিত তথ্য অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষক বিবেচনায় ইসলামি শিক্ষা বিষয়ের সহকারী অধ্যাপক জনাব আ.ন.ম আজিজুর রহমান (০৯৬৫০৪)-কে পরবর্তী অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদায়ন না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের অনুমতি প্রদান করা হলো এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী কলেজের আর্থিক বিষয়সহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৮-৩-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৬৪০/১

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯

২৮ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪) জেলা প্রশাসন -----;
- ৫) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৬) উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৭) জনাব আ.ন.ম আজিজুর রহমান (০৯৬৫০৪), সরকারি মীর ইসমাইল হোসেন কলেজ, রাজারহাট, কুড়িগ্রাম;
- ৮) ব্যাংক ম্যানেজার -----;
- ৯) সংরক্ষণ নথি।



২৮-৩-২০২৩

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক